

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ / ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও নং-১৩৮-আইন/২০২৩/২১৫-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭৯-আইন/২০১৯/৩৬-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

- (ক) ক্ষমতাপ্রদান অংশে উল্লিখিত “স্থানীয় উৎপাদন পর্যায়ে আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর” শব্দগুলির পরিবর্তে “স্থানীয় উৎপাদন পর্যায়ে ৫ (পাঁচ) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; এবং
- (খ) অনুচ্ছেদ ১১ এ উল্লিখিত “৩০ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ” সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে “৩০ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ” সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ০১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)
সিনিয়র সচিব